

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫৯০(আগরতলা-১০।০৯)  
পানিসাগর, ১০ সেপ্টেম্বর, ২০১৯

**উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন**

উত্তর ত্রিপুরা জেলা সাক্ষরতা সমিতির উদ্যোগে গত ৮ সেপ্টেম্বর পানিসাগর পঞ্চায়েত সমিতি হলে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শ্রীপদ রঞ্জন দাস, পানিসাগর মহকুমা শাসক এল ডার্লিং প্রমুখ। জেলাভিত্তিক এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উত্তর ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক নগেন্দ্র দেববর্মা। উদ্বোধকের ভাষণে বিধায়ক বিনয় ভূষণ দাস বলেন, শিক্ষাই জাতির মেরুদণ্ড, যে সমাজ যত বেশি শিক্ষিত হবে সেই সমাজ তত বেশি উন্নতি লাভ করবে। শিক্ষাই সমাজকে উন্নত ও শক্তিশালী করতে পারে। নিরক্ষরতা একটি অভিশাপ, এই অভিশাপ থেকে সমাজকে মুক্ত করতে সকলকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানের প্রধান বক্তা বিশিষ্ট শিক্ষাবিদ গুরুপদ চক্রবর্তী আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপনের তাৎপর্য ব্যাখ্যা করে আলোচনা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পানিসাগর ব্লক সাক্ষরতা সমিতির কো-অর্ডিনেটর কাজল কান্তি দাস। এদিন নবসাক্ষর সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের এক বর্ণাঢ্য শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*